

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-০২ (সেবা) শাখা
www.moedu.gov.bd


নং-৩৭.০০.০০০০.০৬২.০৩.০০১.১৫- ২৬৬২

তারিখ : ২৬ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : চলতি অর্থবছরে (২০১৬-২০১৭) শিক্ষা মন্ত্রণালয় এবং এর অধীন অধিদপ্তর/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিম মঞ্জুরি প্রদান।

শিক্ষা মন্ত্রণালয়ের অনুকূলে চলতি অর্থবছরে (২০১৬-২০১৭) গৃহ নির্মাণ/ গৃহ মেরামত, কম্পিউটার, মোটরগাড়ি এবং মোটর সাইকেল বাবদ ঋণ ও অগ্রিম খাতে বরাদ্দকৃত অর্থ হতে শিক্ষা মন্ত্রণালয় এবং এর অধীন সকল অধিদপ্তর/ দপ্তর/ শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিম প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে আগামী ৩০/১১/২০১৬ তারিখ অফিস সময়ের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ পত্রের (ফরোয়ার্ডিং) মাধ্যমে নামযুক্ত সীলসহ এ মন্ত্রণালয়ের শাখাঃ-২ (সেবা)-এ সরাসরি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) উন্নয়ন প্রকল্পের কোন কর্মকর্তা/ কর্মচারী অগ্রিম ঋণের জন্য কোন আবেদন করতে পারবেন না ;
- (খ) অগ্রিম ঋণ প্রাপ্তির জন্য সরকারি চাকরি কমপক্ষে ০৫(পাঁচ) বছর পূর্ণ হতে হবে ;
- (গ) সুদসহ গৃহ নির্মাণ অগ্রিম আদায় না হওয়া পর্যন্ত গৃহ মেরামত অগ্রিম প্রদান করা হবে না ;
- (ঘ) যাঁদের মূল বেতন ৬,০০০/- (ছয় হাজার) টাকা বা এর উর্ধ্বে তাঁরা মোটর গাড়ি অগ্রিম গ্রহণের জন্য আবেদন করতে পারবেন ;
- (ঙ) আবেদনকারী পূর্বে এ ধরনের কোন ঋণ গ্রহণ করেননি এবং অগ্রিম প্রদান করা হলে তা যথাযথভাবে কর্তন করা হবে মর্মে অফিস প্রধান কর্তৃক নামযুক্ত সীলসহ প্রত্যয়ন দিতে হবে ;
- (চ) গৃহ নির্মাণ, কম্পিউটার, মোটরগাড়ি এবং মোটর সাইকেল অগ্রিম গ্রহণের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বায়নাপত্র প্রদান করতে হবে। আবেদনকারীর বয়স প্রমাণের লক্ষ্যে ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তার এস. এস. সি. সনদপত্রের এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের সার্ভিস বইয়ের ৩য় ও ৪র্থ পাতাসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র কর্মকর্তার নামযুক্ত সীলসহ সত্যায়িত কপি প্রদান করতে হবে ;
- (ছ) অগ্রায়নপত্রে মন্ত্রণালয়ের জারীকৃত পত্রের স্মারক নং এবং তারিখ অবশ্যই উল্লেখ থাকতে হবে।



(মোঃ শামসুল আলম)
সহকারী সচিব (সেবা)
ফোন : ৯৫৫৮৫৫১

email:as.admin2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, জাতীয় স্ক্রাউট ভবন (১৪তম তলা), কাকরাইল, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী(নায়েম), নিউমার্কেট, ঢাকা।
৬. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, ঢাকা।
৭. যুগ্মসচিব (সকল) শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. যুগ্মপ্রধান (পরিকল্পনা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. চেয়ারম্যান,বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ,নায়েম ক্যাম্পাস,নিউমার্কেট, ঢাকা।
১১. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১২. পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত,ঢাকা।
১৩. সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বি.এন.সি.ইউ), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
১৪. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[পত্রটি ওয়েব সাইটে প্রচার করার অনুরোধসহ]
১৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.....।